**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**28 SEPTEMBER 2024** **7:35 AM IST**

==================================================================

রাজ্যের জল সম্পদ, পর্যটন ইত্যাদি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া একদিনের সফরে আজ হাইলাকান্দি আসছেন । মন্ত্রী শ্রী বরুয়া আজ বিকেল সাড়ে তিনটায় হাইলাকান্দি পৌছে বিজেপির একটি সভায় অংশ নেবেন । এবং বিকেল পাঁচটায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে জেলাপ্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । পরে মন্ত্রী শ্রীবরুয়া শিলচর চলে আসবেন ।

---

রাজ্যে আগামীকাল অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিয়োগ পরীক্ষা বা এডিআরই জন্য প্রস্তুতি প্রায় সম্পন্ন ।এই পরীক্ষাকে কেন্দ্র করে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা সহ পরীক্ষাকেন্দ্রে পরীক্ষার্থীদের প্রবেশ ও চলাফেরার ক্ষেত্রে বেশ কিছু নির্দেশিকা জারি করা হয়েছে ।
বরাক উপত্যাকার তিন জেলায় ও এই পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ব্যাপক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব জেলার ২৯ টি পরীক্ষা কেন্দ্রের তত্ত্বাবধায়ক আধিকারীক এবং কেন্দ্র ইনচার্জদের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে পরীক্ষা পরিচালনা করার জন্য বেশকিছু নির্দেশ প্রদান করেন ।জেলা আয়ুক্ত এই নির্দেশ কঠোরভাবে মেনে চলার ওপর জোড় দেন ।ত্রুটিমুক্ত পরীক্ষা প্রক্রিয়া সুনিশ্চিত করার জন্য সর্ব্বোচ্চ সতর্কতা ও সমন্বয় বজায় রাখার জন্য তিনি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান ।জালা আয়ুক্ত শ্রী যাদব জেলাস্তরের বৈঠকের পর রাজ্যের মুখ্য সচিবের সঙ্গে ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে এক বৈঠকে মিলিত হন ।বৈঠকে গৃহ ও রাজনৈতিক বিভাগের অতিরিক্ত মুখ্য সচিব , বিশেষ ডিজিপি ( হেডকোয়ার্টার এনড বর্ডার ) , সেবার অধ্যক্ষ সহ শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।বৈঠকে রাজ্যে তৃতীয় শ্রেণীর নিযুক্তি পরীক্ষা (এডিআরই) সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য চূড়ান্ত নির্দেশ প্রদানের ওপর গুরুত্ব আরোপ করা হয় ।

---

করিমগঞ্জ জেলায় আগামীকাল অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিয়োগ পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসনের পক্ষ থেকে প্রার্থীদের অবগতির জন্য বেশ কিছু নিয়মাবলী ও জরুরী তথ্য জানানো হয়েছে ।এই তথ্য অনুযায়ী প্রার্থীদের পরীক্ষাকেন্দ্রের ভেতরে মোবাইল ফোন বন্ধ অথবা চালু অবস্থায় নিয়ে যাওয়া যাবেনা এছাড়া যেকোন ধরণের ইলেক্ট্রনিক যন্ত্র , স্টোরেজ মিডিয়া ডিভাইস স্মার্ট ঘড়ি , ডিজিটেল ঘড়ী হেলথ বেল্ড ক্যালকুলেটর প্যানড্রাইভ কো চিরকূট ইত্যাদি পরীক্ষা কেন্দ্রে নিয়ে যাওয়া সম্পূর্ণ নিষিদ্ধ ।নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নির্দেশে জানানো হয়েছে ।

---

করিমগঞ্জের চক্র আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- আগামী কাল অসম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা সুষ্টভাবে সম্পন্ন করতে এবং পরীক্ষা কেন্দ্রগুলিতে প্রার্থীদের নির্বিঘ্নে আসা-যাওয়া সুনিশ্চিত করতে পরীক্ষা কেন্দ্রের পার্শ্ববর্তী জনবহুল বাজারগুলি বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে । বিজ্ঞপ্তিতে আগামীকাল সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত করিমগঞ্জ শহরের সন্তর বাজার সংলগ্ন জাতীয় সড়কের পাশের পুলের উপরের বাজার , স্টেশন রোড , করিমগঞ্জ কলেজের পাশের অস্থায়ী বাজার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে ।

---

আগামীকাল শিলচরে অনুষ্ঠেয় আসাম ডাইরেক্ট রিক্রুটমেন্ট এক্সামিনেশনে যোগ দিতে হাইলাকান্দি জেলার প্রার্থীদের জন্য ট্রেন এবং ট্রাভেলার বাসের ব্যবস্থা করা হয়েছে। প্রশাসনের উদ্যোগে ট্রেনটি রবিবার ভোর ৫ টায় হাইলাকান্দি রেলস্টেশন থেকে শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে। পাশাপাশি রবিবার হাইলাকান্দি জেলার চারটি বাস স্ট্যান্ড থেকে পাঁচ মিনিট অন্তর অন্তর বাস শিলচরের উদ্দেশ্যে যাত্রা করবে। হাইলাকান্দি শহরের কলেজ রোড বাস স্ট্যান্ড থেকে ভোর পাঁচটা থেকে ১০/১৫ মিনিট অন্তর অন্তর ৩৫ টি ট্রাভেলার বাস কাঠাখাল হয়ে চালানো হবে। কলেজ রোড বাস স্ট্যান্ড সংক্রান্ত কাজে ফোন নং ৭০০২৩১৬৫০৪ অথবা ৭০০২০৮২০২১-এ যোগাযোগ করা যাবে। হাইলাকান্দি শহরের গাছতলা বাস স্ট্যান্ড থেকে ২০ টি ট্রেভেলার বাস ধোয়ারবন্দ হয়ে শিলচরের উদ্দেশ্যে ছাড়বে । গাছতলা বাসস্ট্যান্ডের জন্য

৮৮৭৬১১০৫৫১ নম্বরে যোগাযোগ করা যাবে। অনুরূপভাবে লালাবাজার বাস স্ট্যান্ড থেকে ১৫ টি ক্রুজার ধোয়ারবন্ধ হয়ে শিলচরের উদ্দেশ্যে চলবে। লালাবাজার বাসস্ট্যান্ডের জন্য ফোন নম্বর ৬০০০৭৯৫৯০৭-এ যোগাযোগ করা যাবে। ঘাড়মুরা থেকে কাঠাখাল হয়ে ১৫ টি ট্রেভেলার বাস চালানো হবে। এই স্ট্যান্ডের জন্য ফোন নম্বর ৭০০২৩১৬৫০৪ এ যোগাযোগ করা যাবে। এদিকে ট্রেনটি শিলচর থেকে বিকেল সাড়ে ৩ টায় হাইলাকান্দির উদ্দেশ্যে ফিরতি যাত্রা করবে। পরীক্ষার্থীদেরকে নিজের পকেট থেকে যাত্রী এবং ট্রেন ভাড়া দিয়ে এই বিশেষ বাহন গুলির সুযোগ নিতে প্রশাসনের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। উল্লেখ্য হাইলাকান্দি জেলার ৫৩২৭ জন প্রার্থী রবিবারের নিয়োগ পরীক্ষায় শিলচরের কেন্দ্রগুলিতে অবতীর্ণ হচ্ছেন।

---

স্বচ্ছতা হি সেবা-২০২৪ অভিযানের অঙ্গ হিসেবে আজ সকাল ৯টা থেকে শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে স্বচ্ছ মিত্র কর্মীদের জন্য স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । স্বচ্ছতা হি সেবা কার্যসূচীতে আগামী ৩০শে সেপ্টেম্বর সকাল ৭টা থেকে মেডিকেল কলেজ ক্যাম্পাসে পরিচ্ছন্নতা অভিযান চালানো হবে । এছাড়া ঐদিন সকাল ১০টা থেকে সমস্ত শ্রেণীর কর্মীদের জন্য বায়োমেডিকেল বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে সচেতনতা মূলক কর্মসূচীর আয়োজন করা হয়েছে । পরে বেলা ১২টা থেকে স্বচ্ছ মিত্র কর্মীদের শংসা পত্র প্রদান করা হবে ।

---

কাছাড় জেলা পরিবহন আধিকারীক শিলচর শহর সহ পার্শ্ববর্তী এলাকায় ই -রিক্সার অড ইভেন নিয়ম লঙ্ঘন করা ৭৯ টি ই-রিক্সার বিরুদ্ধে জরিমানা আদায় করেছে এবং সাতটি ই-রিক্সার অনুজ্ঞাপত্র সাময়িকভাবে বাতিল করেছে ।শিলচর শহর এবং পার্শ্ববর্তী এলাকার যানজট সমস্যা সমাধানে এধরণের অভিযান চালানো হবে বলে পরিবহন আধিকারীক জানিয়েছেন ।

---

ক্লেভার হাউস ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় সোনাই এফ সি দলো শিবশক্তি ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। গতকাল অনুষ্ঠিত দ্বিতীয় খেলায় ওয়াকভার পেয়ে খুলিছড়া এফ সি দল দ্বিতীয় রাউণ্ডে উঠেছে।

পানিভরা এল পি স্কুলের খেলার মাঠে গতকালের খেলায় বিপক্ষ দল বড়খলা এফ সি মাঠে উপস্থিত না হয়ায় খুলিছরা এফ সি দল ওয়াকভার পেয়ে যায়।